গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

বিষয়ঃ SDG কার্যসংশ্লিষ্ট বাস্তবায়ন মনিটরিং সহায়ক কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	সরকার আবুল কালাম আজাদ অতিরিক্ত সচিব (প্রশাসন), খাদ্য মন্ত্রণালয়
তারিখ	:	১২ মার্চ, ২০১৯
সময়	:	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	:	মিনি সভা কক্ষ (কক্ষ ন-২৩০, ভবন নং-০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের বিবরণী পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট ও হিসাব) সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। তিনি বলেন যে, SDG-2 (Zero Hunger) এর পুষ্টি সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা (SDG Target 2.1, 2.2) অর্জনের ক্ষেত্রে খাদ্য মন্ত্রণালয় Co-Lead Ministry হিসেবে কাজ করছে। তিনি সভাকে অবহিত করেন যে, খাদ্য মন্ত্রণালয়ের SDG কার্যসংশ্লিষ্ট বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং সহায়ক কমিটির ২য় সভা গত ১৪/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

> ৭.৬। *সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় দেশের দরিদ্রপূর্ণ অঞ্চলের কোন একটি উপজেলার এক বা একাধিক ইউনিয়নের Pregnant ও Lactating Women কে চিহ্নিত করে এক হাজার দিনব্যাপী খাদ্যশস্য সরবরাহের মাধ্যমে সহায়তা প্রদান করা হলে জন্মগ্রহণকারী শিশুদের পুষ্টি নিরাপত্তার [Reduction of Stunting (বামনতা and Wasting (ওজন স্বল্পতা)] বিষয়টি নিশ্চিত হবে। বর্তমান কর্মপরিধির আওতায় খাদ্য মন্ত্রণালয় উপকারভোগীদের মাঝে চাল ও গম আটা বিতরণ করতে পারে। এ বিষয়ে একটি পাইলট প্রকল্প গ্রহণ করা যেতে পারে। বিষয়টি নীতি নির্ধারণী পর্যায়ে উপস্থাপন করা যেতে পারে।*

০২। সভার প্রেক্ষাপট সম্পর্কে আরও জানানো হয় যে, বর্তমান সরকার খাদ্য নিরাপত্তার পাশাপাশি পুষ্টি নিরাপত্তার বিষয়টিও গুরুত্বের সাথে বিবেচনা করছে। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় দেশের অরক্ষিত (Vulnerable) অঞ্চলগুলোসহ চিহ্নিত জনগোষ্ঠীর মধ্যে শিশুদের বামনতা ও ওজন স্বল্পতা হ্রাসের লক্ষ্যে খাদ্য ভিত্তিক পুষ্টি কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে সরকারের নির্বাচনী ইশতেহারেও দেশের জন সাধারণের পুষ্টি নিশ্চিত করার বিষয়টি অধিকতর গুরুত্বের সাথে বাস্তবায়নের জন্য বলা আছে। এ প্রেক্ষাপটে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সুনির্দিষ্ট টার্গেট গ্রুপ চিহ্নিত করে মাঠ পর্যায়ে খাদ্য মন্ত্রণালয়ের পুষ্টি নিরাপত্তা বিষয়ক কার্যক্রম সম্প্রসারণের অবকাশ রয়েছে। এক্ষেত্রে দেশের অতি দরিদ্রপূর্ণ অঞ্চলসমূহের কয়েকটি উপজেলায় Pregnant ও Lactating Women কে চিহ্নিত করে একটি নির্দিষ্ট সময়ের জন্য (এক হাজার দিনব্যাপী) খাদ্যশস্য সরবরাহের মাধ্যমে সহায়তা প্রদান করা হলে মায়ের স্বাস্থ্য সুরক্ষাসহ শিশুদের পুষ্টি নিরাপত্তার বিষয়টি নিশ্চিত হবে। বর্তমান কর্মপরিধির আওতায় খাদ্য মন্ত্রণালয় উপকারভোগীদের মাঝে চাল ও গম/আটা বিতরণ করতে পারে। এ বিষয়ে একটি পাইলট প্রকল্প/কার্যক্রম গ্রহণের বিষয়ে করণীয় নির্ধারণের লক্ষ্যে অদ্যকার সভা আহ্বান করা হয়েছে।

অত:পর প্রস্তাবটির ওপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের Social Security Policy Support (SSPS) প্রোগ্রামের সামাজিক নিরাপত্তা বিশেষজ্ঞ জনাব মোহাম্মদ খালেদ হাসান (উপ-সচিব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উপ-প্রধান, বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি, খাদ্য মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। জনাব খালেদ হাসান বলেন "সামাজিক নিরাপত্তা ক্লাস্টারগুলোর মধ্যে খাদ্য মন্ত্রণালয় খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ ব্যবস্থাপনা ক্লাস্টারের সমন্বয়ক হিসেবে অন্য বেশ কয়েকটি মন্ত্রণালয়ের সাথে কাজ করছে। সেক্ষেত্রে অন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সাথে খাদ্য মন্ত্রণালয় সমন্বয়ক হিসেবে এ ধরনের প্রকল্প গ্রহণ করতে পারে"। উপস্থিত অন্যান্য মন্ত্রণালয়ের প্রতিনিধিগণও এ বিষয়ে একমত পোষণ করেন।

৩। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.১	দেশের অতি দরিদ্রপূর্ণ অঞ্চলসমূহের কয়েকটি উপজেলায় মায়ের স্বাস্থ্য সুরক্ষাসহ জন্মগ্রহণকারী শিশুদের পুষ্টি নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে Pregnant ও Lactating Women কে চিহ্নিত করে একটি নির্দিষ্ট সময়ের জন্য (এক হাজার দিনব্যাপী কিংবা গর্ভ ধারণকালীন সময় হতে শুরু করে শিশুর বয়স ৪ বছর পর্যন্ত) খাদ্যশস্য সরবরাহের মাধ্যমে সহায়তা প্রদান করা যেতে পারে। এ বিষয়ে একটি সমন্বিত প্রকল্প গ্রহণের পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের জরুরীভাবে মতামত গ্রহণ করা যেতে পারে।	খাদ্য মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তর
৩.২	খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় বর্তমানে ফটিফাইড রাইস বিতরণ কর্মসূচির আওতাভুক্ত ১০টি উপজেলা এবং সম্প্রসারণের আওতায় প্রক্রিয়াধীন আরও ১৪টি উপজেলায় Pregnant ও Lactating Women এর জন্য পুষ্টিভিত্তিক খাদ্যশস্য সরবরাহ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে খাদ্য অধিদপ্তর জরুরী ভিত্তিতে একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে পারে।	খাদ্য অধিদপ্তর
৩.৩	নারী ও শিশুদের পুষ্টি নিশ্চিত করার জন্য খাদ্য ভিত্তিক সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্প গ্রহণের পূর্বে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে নারী ও শিশুদের ওপর গৃহীত পুষ্টি কার্যক্রম সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করতে হবে।	খাদ্য মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তর
৩.৪	খাদ্যভিত্তিক সামাজিক নিরাপত্তা কর্মসূচি গ্রহণের ক্ষেত্রে National Social Security Strategy (NSSS) এর কৌশলগত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, এফপিএমইউ এবং খাদ্য অধিদপ্তর হতে জরুরী ভিত্তিতে মতামত নিতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, এফপিএমইউ এবং খাদ্য অধিদপ্তর

৪। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সরকার আবুল কালাম আজাদ)
অতিরিক্ত সচিব (প্রশাসন)